ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-১৪৭৩
ধর্মনগর, ২৭ জুন, ২০২৫

**মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী দিবস উপলক্ষ্যে ধর্মনগরে সেমিনার অনুষ্ঠিত**

মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী দিবস উদযাপন উপলক্ষ্যে আজ ধর্মনগরের যুবরাজনগরে এক সেমিনার অনুষ্ঠিত হয়। উত্তর ত্রিপুরা জেলা সমাজকল্যাণ ও সমাজশিক্ষা পরিদর্শকের কার্যালয়ের উদ্যোগে উত্তর ত্রিপুরা জেলাভিত্তিক এই সেমিনার যুবরাজনগর ব্লক পঞ্চায়েত রিসোর্স সেন্টারে অনুষ্ঠিত হয়। উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা নাথ এই সেমিনারের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, সমাজের সকল অংশের মানুষের মিলিত প্রচেষ্টার মধ্য দিয়ে আমাদের নেশামুক্ত সুন্দর একটা সমাজ গড়ে তুলতে হবে। অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন জেলা হাসপাতালের মনোরোগ বিশেষজ্ঞ ডা. কাবেরী নাথ, জেলা শিক্ষা আধিকারিক কার্যালয়ের ওএসডি সমীর রঞ্জন নাথ, ধর্মনগর মহকুমা পুলিশ আধিকারিক বি পুইয়া, যুবরাজনগর ব্লকের বিডিও প্রসেনজিৎ মালাকার প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন জেলা সমাজকল্যাণ ও সমাজশিক্ষা পরিদর্শক আবিদ হোসেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন যুবরাজনগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান অপর্ণা সিনহা দেবনাথ। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিভিন্ন গ্রামপঞ্চায়েতের প্রধান, উপপ্রধান, পঞ্চায়েত সমিতির সদস্য-সদস্যা, বিভিন্ন অঙ্গনওয়াড়ি কর্মী, আশাকর্মী, বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পী ও অন্যান্যরা। অনুষ্ঠানে মাদক বিরোধী বিষয়ের উপর নাটক পরিবেশন করা হয়।

******